চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
প্রেস বিজ্ঞপ্তি

৯ জুন ২০১৮ খ্রি.

শ্রমিক নেতা হাবিবুর রহমান হাবিব স্মরনে রোজাদাদের মাঝে ঈদ সামগ্রী বিতরণ অনুষ্ঠানে মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীন

মাননীয় মেয়র ও চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সাধারন সম্পাদক আ জ ম নাছির উদ্দীন বলেছেন, জননেত্রী শেখ হাসিনা বাংলার গরীব দুঃখী মানুষের আশা ভরসার ঠিকানা। আওয়ামীলগ গরীব ও অসহায় মানুষের পাশে থেকে রাজনীতি করে। মানুষের ভালোবাসা,আস্থা ও বিশ্বাসই আওয়ামীলীগের রাজনীতি। ক্ষুধামুক্ত-দারিদ্রমুক্ত সোনার বাংলা গড়ার প্রত্যয়ে দেশ পরিচালনা করছেন শেখ হাসিানা। মেয়র বলেন, বঙ্গবন্ধু মানুষের মুখে হাসি ফুটাতে চেয়েছিলেন। আজ তাঁর কন্যা দারিদ্র নিরসন করে মানুষের মুখে হাসি ফুটানোর জন্য সামাজিক নিরাপত্তা ও কর্মসংস্থান সহ নানা উদ্যোগ গ্রহণ করে দেশকে উন্নয়নশীল দেশে উন্নিত করেছেন। আশা করা যাচ্ছে, শেখ হাসিনার হাতে রাষ্ট্র পরিচালনার দায়িত্ব থাকলে দেশে গরীবের সংখ্যা ধীরে ধীরে শুন্যের কোটায় নেমে আসবে। আ জ ম নাছির উদ্দীন হতদরিদ্র ও দরিদ্র জনগোষ্টির সন্তানদের শিক্ষায়-দীক্ষায় আলোকিত মানুষ হিসেবে গড়ে তোলার আহবান জানান। ৮ জুন ২০১৮ খ্রি. শুক্রবার, সকালে, দক্ষিণ বাকলিয়া ইসহাক এর পুলের পাশে মীর মহলে ১৯ নং ওয়ার্ড আওয়ামীলীগ, আওয়ামীযুবলীগ,আওয়ামীসেচ্ছাসেবকলীগ, শ্রমিকলীগ ও ছাত্রলীগ যৌথভাবে শ্রমিক নেতা মরহুম হাবিবুর রহমান হাবিব এর আত্মার মাগফেরাত কামনায় ৫ শত গরীব দুঃস্থদের মাঝে ঈদ সামগ্রী বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষনে মেয়র এ আহবান জানান। বাকলিয়া থানা আওয়ামীলীগের সাধারন সম্পাদক সিদ্দিক আলম এর সভাপতিত্বে এবং ছাত্রলীগ নেতা মোহাম্মদ শরীফ হোছাইন এর উপস্থাপনায় অনুষ্ঠিত ঈদ সামগ্রী বিতরণ অনুষ্ঠানে চট্টগ্রাম

মহানগর আওয়ামীলীগের সদস্য বখতেয়ার উদ্দিন খান, আবু মোহাম্মদ মহিউদ্দিন, আজিজুর রহমান, এস এম মহিউদ্দিন, গোলাম রব্বানী মনি, সফিউল আযম বাহার, এস এম কামাল উদ্দিন, ফারুক উদ্দিন ডালিম, তফাজ্জল হোসেন অপু, মোহাম্মদ হারুন, রিফাত উদ্দিন বাবু, আফসার উদ্দিন চৌধুরী, সেলাইমান, ডালিম, অপু,জুয়েল,জুনায়েদ, সফিক,বোরহান,সুজন,তারেক, ইব্রাহীম, সম্রাট, তানিম সহ অন্যরা বক্তব্য রাখেন। অনুষ্ঠানে মেয়র দুস্থদের মাঝে ঈদ সামগ্রী তুলে দেন।

৯ জুন ২০১৮ খ্রি.

৭নং পশ্চিম ষোলশহর ওয়ার্ডে কর্মী সমাবেশ, সদস্য নবায়ন ও সংগ্রহ কর্মসূচিতে মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীন

চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের ভারপ্রাপ্ত সভাপতি মাহতাব উদ্দিন চৌধুরী বলেছেন, সন্ত্রাস, জঙ্গীবাদ ও মাদকের মহাগ্রাস থেকে দেশ ও জাতিকে রক্ষায় জননেত্রী শেখ হাসিনার কোন বিকল্প নেই। আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে আওয়ামীলীগকে জয়ী করার জন্য সর্বস্তরের নেতাকর্মীদের সুদৃঢ় ঐক্য গড়ে তুলতে হবে। ৯ জুন ২০১৮ খ্রি. শনিবার সকালে চিটাগাং পার্ক কনভেনশন সেন্টারে ৭নং পশ্চিম ষোলশহর ওয়ার্ড আওয়ামীলীগের কর্মী সমাবেশ ও সদস্য নবায়ন এবং সংগ্রহ অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষনে তিনি একথা বলেন। স্থানীয় ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি কাজী রাশেদ আলী জাহাঙ্গীরের সভাপতিত্বে অনুষ্ঠিত কর্মী সমাবেশ ও সদস্য নবায়ন ও সংগ্রহ অনুষ্ঠানে প্রধান আলোচক ছিলেন মাননীয় মেয়র ও চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সাধারন সম্পাদক আ জ ম নাছির উদ্দীন। বিশেষ অতিথি ছিলেন মহানগর আওয়ামীলীগের যুগ্ম সাধারণ সম্পাদক এম রেজাউল করিম চৌধুরী, সাংগঠনিক সম্পাদক নোমান আল মাহমুদ, মহিলা বিষয়ক সম্পাদিকা চসিক প্যানেল মেয়র মিসেস জোবাইরা নার্গিস খান, সদস্য সাবেক কমিশনার মো. ইয়াকুব। ওয়ার্ড আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আবদুর রহিমের উপস্থাপনায় অনুষ্ঠিত কর্মী সমাবেশ ও সদস্য নবায়ন ও সংগ্রহ অনুষ্ঠানে সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর জেসমিন পারভিন জেসী, ওয়ার্ড আওয়ামীলীগের প্রচার সম্পাদক তাজুল ইসলাম ও এ ইউনিট আওয়ামীলীগের সভাপতি আবুল কালাম সর্দার বক্তব্য রাখেন। অনুষ্ঠানের প্রধান আলোচক

মাননীয় মেয়র ও চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আ জ ম নাছির উদ্দীন বলেন, আওয়ামীলীগের নেতাকর্মীরা নির্ভয়ে পথ চলবেন। চলার পথে প্রতিকূলতা ও প্রতিবন্ধকতা উত্তোরণ করে অভিষ্ট লক্ষে পৌছতে হবে। সাধারণ মানুষের ভালোবাসা থাকলে অসম্ভব সম্ভব করা সম্ভব। অতীতের অভিজ্ঞতা, বর্তমান বাস্তবতার নিরিখে আগামী দিনে আওয়ামীলীগকে জনগণের হৃদয়ে স্থান করার জন্য গঠনমূলক কর্মকান্ড পরিচালনা করতে হবে। মেয়র বলেন, আওয়ামীলীগের গঠনতন্ত্র ও ঘোষণা পত্রের ভিত্তিতে সংগঠন পরিচালিত হয়। এ দলে অনুপ্রবেশের কোন সুযোগ নেই। যারা সুযোগ সন্ধানী তাদেরকে চিহ্নিত করে গঠনমূলকভাবে পদক্ষেপ গ্রহণ করতে হবে। তিনি সৎ, নির্ভিক ও নিবেদিত প্রাণ সাধারণ জনগণকে আওয়ামীলীগের পতাকা তলে সমবেত হওয়ার আহবান জানান। পরে মহানগর আওয়ামীলীগের সভাপতি মাহতাব উদ্দিন চৌধুরী ও সাধারণ সম্পাদক এবং সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন সদস্য নবায়ন ও নতুন সদস্যদের হাতে হাতে আওয়ামীলীগের সদস্য ফরম তুলে দেন।

৯ জুন ২০১৮ খ্রি.

সামাজিক সংগঠন তারুণ্যের আয়োজনে ৫ শত এতিম শিক্ষার্থীদের মাঝে ঈদ সামগ্রী বিতরণ করলেন মেয়র আ জ ম নাছির উদ্দীন

মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, সামাজিক দায়বদ্ধতা থেকে এতিমদের হক আদায় করতে হবে। এ লক্ষে তারুণ্য এতিমদের পাশে দাঁড়িয়ে ঈদ সামগ্রী বিতরণ সামাজিক কার্যক্রমের একটি অংশ। তিনি আশা করেন, সমাজের বিত্তশালীরা গরীব নিরহ মানুষের হক আদায়ে বেশি বেশি তৎপর হবেন। ফলে ধীরে ধীরে দারিদ্র কমে আসবে। এ প্রসঙ্গে মেয়র বলেন, জননেত্রী শেখ হাসিনার সরকার দারিদ্র নিরসনে সামাজিক বেষ্টুনীর আওতায় নানামুখী উদ্যোগ গ্রহণ করায় দেশে দরিদ্রের সংখ্যা কমতে শুরু করেছে। সরকারের ধারা বাহিকতা অব্যাহত থাকলে বাংলাদেশ ক্ষুধা, দারিদ্রমুক্ত সোনার বাংলায় উপনীত হবে। মেয়র সমাজের নানা শ্রেণি ও পেশার সক্ষম সকলকে দারিদ্র নিরসনে অবদান রাখার আহŸান জানান। ৯ জুন ২০১৮ খ্রি. শনিবার, দুপুরে দেওয়ানহাট সিটি কর্পোরেশন কলেজ মিলনায়তনে সামাজিক সংগঠন তারুণ্যের

আয়োজনে ৩টি এতিমখানার ৫ শত এতিম শিক্ষার্থীদের মাজে ঈদ সামগ্রী বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষনে মেয়র এ আহ্বান জানান। সংগঠনের আহবায়ক আবদুর রশিদ লোকমানের সভাপতিত্বে ও উপস্থাপনায় অনুষ্ঠিত ঈদ সামগ্রী বিতরণ অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সদস্য ও কাউন্সিলর মোহাম্মদ জাবেদ, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর ফারহানা জাবেদ, ২৪নং ওয়ার্ড আওয়ামীলীগের সাধারণ সম্পাদক সৈয়দ মো. জাকারিয়া জকু, চট্টগ্রাম প্রেস ক্লাবের যুগ্ম সাধারণ সম্পাদক চৌধুরী ফরিদ, দেওয়ানহাট কলেজের প্রিন্সিপাল ঝিনু আরা বেগম, আওয়ামীলীগ নেতা আবদুল মান্নান ফেরদৌস, ইদ্রিস কাজেমী। মঞ্চে উপবিষ্ট ছিলেন তারুণ্যের সংগঠক রফিকুল ইসলাম অপু, রেজাউল আলম রনি, আচারউল্লাহ আদিল, মফিজুর রহমান দুলাল, এম এ নেওয়াজ, আইয়ুব চৌধুরী, মো. জাবেদ আলম, আলাউদ্দিন বাবু, নাজিম উদ্দিন, রাশেদুল ইসলাম, শাহিন খান, টুটুল, জিসান ও আরিফিনসহ অন্যরা। পরে মেয়র এতিম শিক্ষার্থীদের ঈদ সামগ্রী তুলে দেন।

৯ জুন ২০১৮ খ্রি.

আওয়ামীলীগ নেতা ফরিদুল আলম ও বাহরাইন প্রবাসী শাহআলম এর সহযোগীতায় সেলাই মেশিন, ঠেলাগাড়ি ও ঈদ সামগ্রী বিতরণ অনুষ্ঠানে মেয়র আ জ ম নাছির উদ্দীন

মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার সরকার ক্ষমতা গ্রহণের আগে দেশে গরীবের সংখ্যা ছিল মোট জনসংখ্যার ৪২ শতাংশ। বর্তমানে দেশে গরীবের হার মাত্র ২২ শতাংশ। আগামী নির্বাচনে আওয়ামীলীগ নির্বাচিত হলে দেশে আর কেউ গরীব থাকবে না। তিনি বলেন, এভাবে চলতে থাকলে দেশে দারিদ্র হার শূণ্যের কোটায় নেমে আসবে। সরকারের কর্মসূচির কারণে দেশে কর্মসংস্থান সৃষ্টি হচ্ছে। আশা করা যায়, সরকারের ভিশন অনুযায়ী দেশ মধ্যম আয়ের দেশে উন্নীত হবে। বক্তব্যে তিনি আরো বলেন, আমাদের সাধারণ জনসাধারণকে এই কথাটা অনুধাবন করতে হবে যে আওয়ামীলীগের সরকারই জনগণের ভাগ্য উন্নয়নের সরকার। জনগণের স্বার্থ সংরক্ষনে আওয়ামীলীগই সবসময় জনগণের সাথে ছিল, আছে এবং ভবিষ্যতেও থাকবে। তিনি দল-মত নির্বিশেষে সকলকে আওয়ামীলীগের পতাকা তলে

সমবেত হওয়ার আহবান জানান। ৯ জুন ২০১৮ খ্রি. শনিবার, দুপুরে মুন কমিউনিটি সেন্টারে পতেঙ্গা থানা আওয়ামী যুবলীগের উদ্যোগে আওয়ামীলীগ নেতা ফরিদুল আলম ও বাহরাইন প্রবাসী শাহআলম এর সহযোগিতায় ১০ সেলাই মেশিন, ১৫টি ঠেলাগাড়ি ও ৫শত গরীব দুঃস্থদের ঈদ সামগ্রী বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষনে মেয়র এ আহবান জানান। এতে সভাপতিত্ব করেন আওয়ামীলীগ নেতা মো. ফরিদুল আলম। অনুষ্ঠানে বক্তব্য রাখেন মহানগর আওয়ামীলীগের সদস্য কামরুল হাসান বুলু, মহানগর কৃষক লীগের যুগ্ম আহবায়ক কাজী আনোয়ার হাফিজ, ওয়ার্ড আওয়ামীলীগের সাধারণ সম্পাদক জয়নাল আবেদীন আজাদ, সহ সভাপতি মোহাম্মদ আলী, সাবেক সাধারণ সম্পাদক শাহাদাত হাসান, সাবেক কমিশনার মো. আসলাম, শ্রমিক নেতা মো. ইউনুস, মো. হোসেন, মো. ইয়াকুব, আওয়ামীলীগ নেতা সেকান্দর কোম্পানী, সুমন, আওয়ামী যুবলীগ নেতা নজরুল ইসলাম মিন্টু, আমজাদ হোসেন, মহানগর ছাত্রলীগ নেতা এস এম হুমায়ুন কবির আজাদ, ইমতিয়াজ চৌধুরী বিরু, সাহেদুর রহমান আদর, আলাউদ্দিন জুয়েল, রিয়াদ, কামাল, সামসুল হক, আলাউদ্দিন, জাওয়াদ আলী বুলু, বাধনসহ অন্যরা। পরে মেয়র সেলাই মেশিন, ঠেলাগাড়ি ও ঈদ সামগ্রী বিতরণ করেন।

সংবাদদাতা
মো. আবদুর রহিম
জনসংযোগ কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন